দৈনিক সংবাদ

তারিখ 23 MAY 199[illegible]
পৃষ্ঠা 2 কলাম 6

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ভর্তি পরীক্ষার প্রশ্ন ফাঁস?

॥ কৈলাস সরকার ॥

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অনার্স প্রথম বর্ষে ভর্তি পরীক্ষার 'ঘ' ইউনিটের প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ পাওয়া গেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মুহসীন হলসহ কয়েকটি হল এবং বুয়েটের একটি হলে ২ হাজার হতে ১০ হাজার টাকায় এ প্রশ্নপত্র বিক্রি হচ্ছে। খবর নির্ভরযোগ্য সূত্রের।

আজ শনিবার সকাল ১০টায় 'ঘ' ইউনিটের ভর্তি পরীক্ষা। এজন্য গত ২/৩

প্রশ্ন ঃ পৃঃ ১১ কঃ ৮

## প্রশ্ন ঃ ফাঁস

(১ম পৃষ্ঠার পর)

দিন আগে থেকেই পরীক্ষার্থীরা ক্যাম্পাসের বিভিন্ন হলে এবং পার্শ্ববর্তী এলাকায় অবস্থান নিয়েছে। সূত্র জানায়, এ সমস্ত পরীক্ষার্থীদের কাছে ২ হাজার হতে ১০ হাজার টাকায় প্রশ্নপত্র বিক্রি করা হচ্ছে। গোপনীয়তা রক্ষার জন্য প্রশ্নপত্রের কোন ফটোকপি দেয়া হচ্ছে না। আগে টাকা হাতে নিয়ে প্রশ্নপত্র দেখে দেখে বলে দেয়া হচ্ছে। লিখে নিচ্ছে 'ক্রেতারা'। টাকা দেয়ার সময় 'কমন'-এর নিশ্চয়তাও দেয়া হচ্ছে। বলা হচ্ছে– হুবহু মিল না হলে দ্বিগুণ টাকা ফেরত দেয়া হবে।

সূত্র জানায়, মুহসীন হলের আবাসিক এবং একাউন্টিং তৃতীয় বর্ষের একজন ছাত্র এ প্রশ্নপত্র বিলি করছে। তার সাথে রয়েছে লোকপ্রশাসন বিভাগের ২য় বর্ষের একজন ছাত্র। গতকাল বিকেল হতে এ প্রশ্নপত্র বিলি চলছে এ রিপোর্ট লেখা পর্যন্ত।

ঘটনা জানাজানি হয়ে যাওয়ায় ওই ছাত্র দু'জন রাত সাড়ে ১০টার দিকে মুহসীন হল ছেড়ে বুয়েটের একটি হলে চলে যায় তাদের এক বন্ধুর কাছে। সেখানে তারা বন্ধুদের মাধ্যমে প্রশ্ন বিক্রি করছে। সূত্র জানায়, এ ঘটনার সাথে একজন শিক্ষকও জড়িতরয়েছেন।

এ ব্যাপারে সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক মোহাম্মদ আসাদুজ্জামানের সাথে রাত সাড়ে ১১টায় টেলিফোনে যোগাযোগ করা হলে তিনি এ ব্যাপারে কিছু জানেন না বলে জানান। তিনি বলেন, আমরা কঠোর গোপনীয়তা বজায় রেখেছি, ফাঁসের সম্ভাবনা নেই। তারপরও খোঁজ নিয়ে দেখি।